**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:24-03–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**World Tuberculosis Day :**

আজ বিশ্ব যক্ষা দিবস। এই উপলক্ষ্যে রাজ্যে রাজভবনে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। তাছাড়া এ উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু একটি বার্তায় বলেছেন এই দিবস পালনের মূল লক্ষ্য হচ্ছে যক্ষা সম্পর্কে সবাইকে সচেতন করা। পাশাপাশি এই রোগ নিয়ন্ত্রণে সমস্যাগুলি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং প্রতিরোধের চেষ্টা ও হচ্ছে মূল লক্ষ্য। তিনি ভারতকে যক্ষা মুক্ত করতে সকলকে একসঙ্গে কাজ করার এবং এই লক্ষ্য অর্জনের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালানোর আহ্বান জানান। উল্লেখ্য এই বছর বিশ্ব যক্ষা দিবসের মূল ভাবনা হচ্ছে হ্যাঁ আমরা যক্ষা নির্মূল করতে পারবো।

****************************

**Bar election :**

আজ আগরতলা আদালত চত্বরে ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনের সম্পাদক কৌশিক ইন্দু জানিয়েছেন, সভাপতি সম্পাদক সহ মোট ১৫টি আসনের জন্য সকাল ৯টা থেকে ভোট গ্রহন শুরু হবে। চলবে বেলা ১টা পর্যন্ত। বিকাল ২টা থেকে গননা শুরু হবে। গণনার পর ওইদিনই ত্রিপুরা বার অ্যাসোসিয়েশনের ২০২৪–২৬ অর্থ বছরের জন্য নতুন কমিটি গঠন করা হবে বলে জানিয়েছেন শ্রী ইন্দু।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুদিনের ভূটান সফর শেষে গতকাল বিকেলে দিল্লি ফিরেছেন। ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুক বিমানবন্দরে শ্রী মোদীকে বিদায় জানান।

সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী মোদি বলেছেন যে তিনি ভুটানের রাজার ব্যবহারে সম্মানিত হয়েছেন। তিনি ভূটান সফরকে অত্যন্ত বিশেষ বলে অভিহিত করে বলেন, তাঁর এই সফর ভারত-ভুটান বন্ধুত্বকে আরও জোরালো করবে। তিনি অর্ডার অফ দ্য ড্রুক গ্যালপোতে ভূষিত হওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি ভুটানের জনগণকে তাদের উষ্ণতা এবং আতিথেয়তার জন্য ধন্যবাদ জানান।

************************

**Basanta Utsav :**

বাংলা সংস্কৃতি বলয়ের উদ্যোগে আজ নন্দননগর সেনপাড়া মাঠে সাপ্তাহিক সংস্কৃতি হাটে অনুষ্ঠিত হবে বসন্ত উৎসব। এই উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। এছাড়াও উপস্থিত থাকবেন বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়, বিধায়ক রতন চক্রবর্তী, বাংলা সংস্কৃতি বলয়ের মহাসচিব কাজী মাহাতাব সুমন। এই বসন্ত উৎসবে রাজ্যের পাঁচশো শিল্পী সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন। বৃহৎ পরিসরে এই বসন্ত উৎসবের নাম রাখা হয়েছে 'রং ফাগুনে বসন্ত'।

****************************

**BJP-Organisational meeting :**

আসন্ন লোকসভা নির্বাচন এবং ৭-রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনকে সামনে রেখে গতকাল ত্রিপুরা প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংগঠনিক সভার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, ৭-রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রার্থী তথা পুর মেয়র দীপক মজুমদার, দলের সহ-সভানেত্রী পাপিয়া দত্ত সহ আগরতলা পুর নিগমের সমস্ত কর্পোরেটর, সদর শহর জেলার বিভিন্ন মন্ডল সভাপতি এবং অন্যান্য নেতৃত্বগণ। বৈঠকে লোকসভা নির্বাচনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয়।

**************************

**High Court day :**

ত্রিপুরা হাইকোর্টের এগারতম প্রতিষ্ঠা দিবস গতকাল উদযাপন করা হয়েছে। ত্রিপুরা হাইকোর্ট চত্বরে এ উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন সুপ্রিমকোর্টের বিচারপতি সূর্য কান্ত, রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং, বিচারপতি টি অমরনাথ গৌড়, বিচারপতি অরিন্দম লোধ, বিচারপতি সব্যসাচী পুরকায়স্থ, বিচারপতি বিশ্বজিৎ পালিত সহ অন্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০১৩ সালের ২৩ মার্চ রাজ্যে পৃথক হাইকোর্ট গঠিত হয়েছিল।

**************************

**Dol purnima :**

আগামীকাল দোল পূর্ণিমা। পরের দিন রঙের উৎসব হোলি। প্রতি বছরের ন্যায় এই বছর ও সারা রাজ্যে অনুষ্ঠিত হবে দোল পূর্ণিমা ও রঙের উৎসব। হোলি উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেব্বর্মা। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন হোলি হচ্ছে ভারতের একটি অন্যতম উৎসব। প্রাচীনকাল থেকেই আমাদের দেশে এই উৎসব পালিত হয়ে আসছে। এই উৎসবের মধ্য দিয়ে রাজ্যের চিরাচরিত জাতি জনজাতির মেলবন্ধন আরো সুদৃঢ় হবে। তাছাড়া শুভেচ্ছা জানিয়েছেন এডিসির মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া।

***************************

**World Optometry Day :**

ত্রিপুরা ইনস্টিটিউট অফ প্যারামেডিকেল সায়েন্স ও স্বাস্থ্য পরিবার কল্যাণ দপ্তরে যৌথ উদ্যোগে গতকাল World Optometry Day উপলক্ষে এক সচেতনতা রেলি আগরতলার সিটি সেন্টারের সামনে থেকে বের হয়। রেলির সূচনা করেন ত্রিপুরা মেডিকেল এডুকেশনের অধিকর্তা ডক্টর এইচ পি শর্মা। চোখের যত্ন নেওয়া সম্পর্কে মানুষকে সচেতনতার বার্তা দেন তিনি। রেলিতে অংশগ্রহণ করেন প্যারা মেডিকেল সাইন্সের ছাত্র-ছাত্রী শিক্ষক শিক্ষিকা, নার্সিং ছাত্রছাত্রী ও স্বাস্থ্য দপ্তরের কর্মীরাও।

************************

**Detain of 07 Bangladeshi :**

আগরতলা রেল ষ্টেশনে সাত বাংলাদেশিকে আটক করেছে জিআরপি থানার পুলিশ। গতকাল কাঞ্চনঝঙ্গা এক্সপ্রেস দিয়ে তারা

আগরতলা থেকে চেন্নাই যাওয়ার আগেই ধরা পড়েছে। ধৃতদের মধ্যে দুজন মহিলাও আছেন বলে পুলিশ জানিয়েছে।

*************************

**Madhyamik exam :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৪ সালের নতুন সিলেবাসের মাধ্যমিক  পরীক্ষা গতকাল শেষ হয়েছে।শেষ দিনে ছিল অপশনাল সিক্স সাবজেক্ট (ল্যাঙ্গুয়েজ/ভোকেশনাল) ও মাদ্রাসা আলিম-এর থিওলজি পরীক্ষায় সারা রাজ্যে মোট ৫ হাজার ৮৬০ জন পরীক্ষার্থী বসেছিল। উল্লেখ্য আগামী ২৬ মার্চ নতুন সিলেবাসের উচ্চমাধ্যমিকে সোসিওলজি পরীক্ষা নেওয়া হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

***************************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার ফাইন্যাল ম্যাচটি আজ অনুষ্ঠিত হবে। এম বি বি স্টেডিয়ামে সকাল ১১টায় খেতাব দখলের লড়াইয়ে জুটমিল কোচিং সেন্টার খেলবে ব্লাডমাউথ ক্লাবের বিরুদ্ধে।

***************************

**Weather :**

আবহাওয়া দপ্তর থেকে প্রাপ্ত খবরে জানা গেছে আকাশ প্রধানত মেঘাচ্ছন্ন থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ ডিগ্রি। সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি। ভোর ৫.৩০

পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৫ দশমিক ৩ মিলিমিটার। বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*****************************